গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বিভাগীয় সমবায় কার্যালয়,সিলেট
অডিট, আইন ও সমিতি শাখা

বিগত ১৮/১১/২০২০ খ্রিঃ তারিখে বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট এ অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মৌলভীবাজার, জেলা ও উপজেলা সমবায় অফিসারগনের সমন্বয়ে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | মৃনাল কান্তি বিশ্বাস<br>বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (রুটিন দায়িত্ব) |
| সভার তারিখ | ১৮ নভেম্বর ২০২০খ্রি:। |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | হোটেল ডালাস, সিলেট। |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা: পরিশিষ্ট ‘ক’(সংযুক্ত) |

বিগত ১৮ নভেম্বর ২০২০খ্রি: রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকার সময় বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট এর দ্বি-মাসিক সমন্বয় সভা জনাব মৃনাল কান্তি বিশ্বাস ,যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি সকলের পরিচয় গ্রহণ করেন।নভেল করোনা ভাইরাস কোভিড-১৯ এ আক্রান্ত সকলের খোঁজ খবর নেন এবং পরামর্শ প্রদান করেন।দাপ্তরিক সকল কার্যাবলী যথাযথভাবে আন্তরিকতার সহিত সম্পাদনের জন্য সভাপতি সকলের প্রতি আহবান জানান।আকস্মিক অফিস ভিজিটের জন্য জেলা সমবায় কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতি স্বয়ং সঞ্চালনার মাধ্যমে পূর্ব নির্ধারিত আল্যোসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১. | বিগত সভার কার্যবিবরনী দৃঢ়করণ; | বিগত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী বিষয়ে সভায় সংশোধনীর আহবান জানালে কাহারো নিকট হতে কোন আপত্তি না পাওয়ায় তা দৃঢ়করণ করা হল। | ০১.<br>ক)বিগত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধন/সংযোজন/ বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হল। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ০২. | বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, ২০২০ সালে মুজিব বর্ষ পালন, ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন, অষ্টম পঞ্চবার্ষিকী কর্ম পরিকল্পনা, ভিশন ২০৪১ ইত্যাদি বিবেচনায় রেখে স্বল্প ও দীর্ঘমেয়াদী কৌশলপত্র প্রণয়ন ও তা বাস্তবায়নের কর্মকৌশল নির্ধারণ; | বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, ২০২০ সালে মুজিব বর্ষ পালন, ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন, অষ্টম পঞ্চবার্ষিকী কর্ম পরিকল্পনা, ভিশন ২০৪১ ইত্যাদি বিবেচনায় রেখে স্বল্প ও দীর্ঘমেয়াদী কৌশলপত্র প্রণয়ন ও তা বাস্তবায়নের কর্মকৌশল নির্ধারণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় ২০২০ সালে মুজিব বর্ষ পালন বিষয়ে কর্মসূচি নির্ধারণ গ্রহণের মধ্যে সভাপতি বঙ্গবন্ধুর সমবায় ভাবনা নিয়ে পোস্টার ও বিভাগীয় অফিসে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন এবং সিলেট সমবায় বিভাগের পক্ষ হতে মুজিব বর্ষের লোগো সম্বলিত স্মারক কলম ও কোর্টপিন সকলের নিকট বিতরন করা হয়েছে মর্মে সকলকে অবহিত করেন। অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট,মৌলভীবাজার সভাকে অবহিত করেন ইনস্টিটিউটেও বঙ্গাবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে।সকল জেলা অফিসে আাবশ্যিকভাবে বঙ্গাবন্ধু কর্ণার স্থাপন করার উপর সভাপতি গুরুত্বারোপ করেন।সম্ভব হলে উপজেলায়ও বঙ্গাবন্ধু কর্ণার স্থাপন করার অনুরোধ জানান। | ০২.<br>ক) মুজিব বর্ষ পালনে সকল জেলা অফিসে বঙ্গাবন্ধু কর্ণার স্থাপন করতে হবে।<br><br>খ) বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, ২০২০ সালে মুজিব বর্ষ পালন, ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন বিষয়ে সমবায় অধদিপ্তর হতে নির্দেশনা পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ক)ডিসিও (সকল)<br><br>খ) উপ- নিবন্ধক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩. | জেলা সমবায় দপ্তরসমূহে নিজ নিজ অঞ্চলের জন্য প্রযোজ্য প্রকল্প গ্রহণ; | জেলা সমবায় দপ্তরসমূহে নিজ নিজ অঞ্চলের জন্য প্রযোজ্য প্রকল্প গ্রহণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সকল জেলা সমবায় দপ্তরসমূহে নিজ নিজ জেলার জন্য প্রযোজ্য ও বাস্তবায়নযোগ্য প্রকল্প গ্রহণ করার জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন। তাছাড়া চা শ্রমিকদের নিয়ে সমবায় সমিতি গঠন করা যায় কিনা? এ বিষয়ে নজর দেয়ার জন্য ডিসিও এবং ইউসিওগনকে অনুরোধ করেন। সভাপতি অর্গানোগ্রাম প্রনয়ন কমিটির অনুরুপ ০১(এক)জন উপনিবন্ধক ও ০৪(চার)জন জেলা সমবায় কর্মকর্তার সমন্বয়ে একটি ডিপিপি প্রণয়ন কমিটি গঠন করার প্রস্তাব করেন যে কমিটি আগামী ৩(তিন) মাসের মধ্যে ডিপিপি প্রস্তাব জমা দিবেন। জলমহাল নিয়ে প্রকল্প গ্রহনের জন্য সভাপতি জেলা সমবায় কর্মকর্তাগণের অনুরোধ করেন। চা শ্রমিকদের নিয়ে প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতি গঠনের উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতি জেলা সমবায় কর্মকর্তা ও উপজেলা সমবায় কর্মকর্তাগণের দৃষ্টি আকর্ষণ করেন। | ০৩.<br>ক) জেলা সমবায় দপ্তরসমূহে নিজ নিজ জেলার জন্য প্রেযোজ্য ও বাস্তবায়নযোগ্য প্রকল্প গ্রহণ করতে হবে।<br>খ) ০১(এক)জন উপনিবন্ধক ও ০৪ (চার) জন জেলা সমবায় কর্মকর্তার সমন্বয়ে একটি ডিপিপি প্রণয়ন কমিটি গঠন করতে হবে। আগামী ৩(তিন) মাসের মধ্যে কমিটি ডিপিপি প্রস্তাব জমা দিবে।<br>গ) জলমহাল নিয়ে প্রকল্প গ্রহণ করতে হবে।<br>ঘ) চা শ্রমিকদের নিয়ে প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতি গঠনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ক)ডিসিও এবং ইউসিও (সকল)<br>খ) উপ-নিবন্ধক(প্রশাসন), ডিসিও (সকল)<br>গ)ডিসিও এবং ইউসিও (সকল)<br>ঘ) ডিসিও এবং ইউসিও (সকল) |
| ০৪. | অডিট অগ্রগতি ও অডিট ফি আদায় ও জমা প্রদানের অগ্রগতি; | অডিট সম্পাদন ও অডিট ফি আদায় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অডিটের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে সেই মোতাবেক অডিট সম্পাদনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। অডিট সম্পাদনের সাথে সাথে অডিট নোট দাখিল বিষয়েও সভায় আলোচনা করা হয়। অডিট নোট ১০০% পর্যালোচনা করে সেই মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। অডিটের গুনগত মান যেন বৃদ্ধি পায় সেদিকে দৃষ্টি রাখতে হবে। টেষ্ট অডিট বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অডিট সম্পাদনের সাথে সাথে অডিট ফি ধার্য্য ও ১০০% আদায় নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ধার্য্যকৃত অডিট ফি ও ভ্যাট অডিট নোট জমা প্রদানের সময় অডিট অফিসার কর্তৃক আদায় এবং জমা দিবেন মর্মে সভায় আলোচনা করা হয়। | ০৪.<br>ক) অডিটের লক্ষ্যমাত্রা নির্ধারণ করত: সেই মোতাবেক অডিট সম্পাদন করতে হবে।<br>খ)সমিতির নিবন্ধিত অফিসে অডিট সম্পাদনের সাথে সাথে অডিট নোট দাখিল করতে হবে এবং অডিট নোট দাখিল ব্যতিত অডিট সম্পাদন দেখানো যাবে না।<br>গ)অডিট নোট ১০০% পর্যালোচনা করতে হবে। ধার্য্যকৃত অডিট ফি ও ভ্যাট<br>ঘ) অডিট নোট জমা প্রদানের সময় অডিট অফিসার কর্তৃক ১০০% আদায় এবং জমা নিশ্চিত করতে হবে।<br>ঙ) ধার্য্যকৃত অডিট ফি ও ভ্যাট ১০০% আদায় নিশ্চিত করতে হবে। | ক) ডিসিও এবং ইউসিও (সকল), সংশ্লিষ্ট অডিট অফিসার<br>খ) ডিসিও এবং ইউসিও (সকল), সংশ্লিষ্ট অডিট অফিসার<br>গ) ডিসিও এবং ইউসিও (সকল)<br>ঘ) ডিসিও এবং ইউসিও (সকল), সংশ্লিষ্ট অডিট অফিসার<br>ঙ) ডিসিও এবং ইউসিও (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | সমবায় উন্নয়ন তহবিল আদায় অগ্রগতি; | সমবায় উন্নয়ন তহবিল ১০০% আদায় নিশ্চিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। অডিট সম্পাদনের সাথে সাথে সমবায় উন্নয়ন তহবিল ধার্য্য ও আদায় করার বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা হয়। বকেয়া ও অনাদায়ী সিডিএফ অবিলম্বে ১০০% আদায় নিশ্চিত করার জন্য গুরুত্বারোপ করা হয়। ধার্য্যকৃত সমবায় উন্নয়ন তহবিলের টাকা অডিট নোট জমা প্রদানের সময় অডিট অফিসার কর্তৃক আদায় এবং জমা দিবেন মর্মে সভায় আলোচনা করা হয়। | ০৫.<br>ক) ধার্য্যকৃত সিডিএফ (বকেয়াসহ যদি থাকে) ১০০% আদায় নিশ্চিত করতে হবে।<br>খ)অডিট নোট জমা প্রদানের সময় অডিট অফিসার কর্তৃক ১০০% সমবায় উন্নয়ন তহবিলের টাকা আদায় এবং জমা নিশ্চিত করতে হবে। | ক) ডিসিও এবং ইউসিও (সকল)<br>খ) ডিসিও এবং ইউসিও (সকল), সংশ্লিষ্ট অডিট অফিসার |
| ০৬. | ২০২০-২১ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি পযা©লোচনা; | সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২০-২০২১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজ করতে হবে। বিভাগ, জেলা ও উপজেলায় এপিএ-এর সকল সূচকের পৃথক নথি খুলে প্রমানক সংরক্ষণ করার জন্য সকলকে আহবান করেন। নির্ধারিত সময়ে এপিএ-এর লক্ষ্যমাত্রা ১০০% অর্জন কারীদের প্রনোদনা প্রদান করা হবে মর্মে সভাপতি সকলকে অবহিত করেন। এপিএ এবং মাসিক রিটার্নের সাথে তথ্যের যেন গরমিল না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে।যথা সময়ে এপিএসহ সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিভাগ হতে যে কোন সময়ে জেলা ও উপজেলায় এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জন যাচাই করা হবে।আগামী ২০ডিসেম্বর,২০২০ এর মধ্যে এপিএ-এর সকল সূচকে নূন্যতম ৫০%+১ অর্জন নিশ্চিত করবেন মর্মে সভায় উপস্থিত জেলা সমবায় কর্মকর্তা ও উপজেলা সমবায় কর্মকর্তাগণ একমত পোষন করেন। ব্যর্থ কর্মকর্তাগণের বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ জারি করা হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | ০৬.<br>ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (২০২০-২০২১) সকল ইন্ডিকেটরে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে এবং কোন প্রকার অজুহাত ছাড়াই প্রমানক দাখিল করতে হবে।<br>খ)এপিএ-এর সকল সূচকের পৃথক নথি খুলে প্রমানক সংরক্ষণ করতে হবে।<br>গ) এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জন যাচাই করা হবে।<br>ঘ)আগামী ২০ডিসেম্বর,২০২০ এর মধ্যে এপিএ-এর সকল সূচকে নূ্ন্যতম ৫০%+১ অর্জন নিশ্চিত করতে হবে।<br>ঙ) ব্যর্থ কর্মকর্তাগণের বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ জারি করা হবে । | ক) উপ- নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও (সকল)<br>খ) উপ- নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও (সকল)<br>গ) উপ- নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও (সকল)<br>ঘ) উপ- নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও (সকল)<br>ঙ) উপ- নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭. | সমবায় অধিদপ্তরের চলমান প্রকল্পসমূহের অগ্রগতি পযা©লোচনা ; | এ বিষয়ে সভায় বিস্তরিত আলোচনা করা হয়। সভাপতি বলেন সমিতিগুলোকে নিয়মিত মনিটরিং ও উৎপাদনমূখী করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। সমিতিগুলো যেন অকার্যকর না হয় সে দিকে নজর দিতে হবে।সভাপতি আমার বাড়ি আমার খামার প্রকল্পের আওতায় সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের সমিতির সদস্যদের মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় মধু চাষে ও হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলায় আদা,হলুদ চাষে ঋণ প্রদান বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার উদ্যোগ গ্রহন করতে হবে।এ বিষয়ে বিগত ১৬/১১/২০২০খ্রি: তারিখে অনুষ্ঠিত আমার বাড়ি আমার খামার প্রকল্পের বিভাগীয় সমন্বয় কমিটির সভায় বিভাগীয় কমিশিনার, সিলেট বিভাগ, সিলেট মহোদয় পরামর্শ প্রদান করেন। আমার বাড়ি আমার খামার প্রকল্পের জেলা ও উপজেলা সমন্বয় কমিটির সভায় সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা ও উপজেলা সমবায় কর্মকর্তা উপস্থিত থাকতে সভায় সভাপতি অনুরোধ করেন। হবে।সভাপতি আমার বাড়ি আমার খামার প্রকল্পের আওতায় সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের সমিতির অফিস ঘর স্থাপনের বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সহিত সভা সভাপতির উপস্থিতিতে করার বিষয়ে সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা ও উপজেলা সমবায় কর্মকর্তাগন একমত পোষন করেন। | ০৭.<br>ক) প্রকল্পভুক্ত সমিতিগুলোকে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>খ) সমিতিগুলোকে উৎপাদনমূখী করার ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>গ) মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় মধু চাষে ঋণ প্রদান বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ) হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলায় আদা,হলুদ, মধু চাষে ঋণ প্রদান বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঙ) আমার বাড়ি আমার খামার প্রকল্পের জেলা ও উপজেলা সমন্বয় কমিটির সভায় সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা ও উপজেলা সমবায় কর্মকর্তা উপস্থিত থাকতে হবে।<br>চ) ক্ষুদ্র নৃতাত্ত্বিক জনগোষ্টীর জীবনমান উন্নয়ন প্রকল্পের সমিতির অফিস ঘর স্থাপনের বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সহিত সভা যুগ্ম-নিবন্ধকের উপস্থিতিতে করতে হবে। | ক) সংশ্লিষ্ট ডিসিও এবং ইউসিও ।<br>খ) সংশ্লিষ্ট ডিসিও এবং ইউসিও ।<br>গ) ডিসিও , মৌলভীবাজার এবং ইউসিও, কমলগঞ্জ<br>ঘ) ডিসিও,হবিগঞ্জ এবং ইউসিও, বাহুবল<br>ঙ) সংশ্লিষ্ট ডিসিও এবং ইউসিও ।<br>চ) সংশ্লিষ্ট ডিসিও এবং ইউসিও । |
| ০৮. | বিভিন্ন আদালতে বিচারাধীন মামলার অগ্রগতি পর্যালোচনা; | মামলার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যে সকল মামলায় সরকার কোন পক্ষ নয় অর্থাৎ এক সমিতি অন্য সমিতির বিরুদ্ধে মামলা করে সে মামলাগুলো তালিকা হতে বাদ দেয়ার ব্যবস্থা নিতে হবে মর্মে সভাপতি ডিসিওগণের দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া সভাপতি উচ্চ আদালতে দায়েরকৃত রীট মামলাসহ অন্যান্য মামলার আর্জি সংগ্রহ করে জবাবসহ হালনাগাদ তথ্য আগামী ১৫(পনের) দিনের মধ্যে প্রেরণ করার জন্য ডিসিও এবং সংশ্লিষ্ট ইউসিওদের আহবান জানান। | ০৮.<br>ক) মামলার হালনাগাদ তথ্য সংরক্ষণ ও প্রেরণ করতে হবে।<br>খ) আদালতের নির্দেশনা মোতাবেক যথাসময়ে জবাব প্রেরণ করতে হবে।<br>গ)উচ্চ আদালতে দায়েরকৃত রীট মামলাসহ অন্যান্য মামলার আর্জি সংগ্রহ করে জবাবসহ হালনাগাদ তথ্য আগামী ১৫(পনের) দিনের মধ্যে প্রেরণ করতে হবে। | ক)উপ- নিবন্ধক (বিচার), ডিসিও এবং ইউসিও(সকল)<br>খ)ডিসিও (সকল) এবং সংশ্লিষ্ট ইউসিও<br>গ) ডিসিও (সকল) এবং সংশ্লিষ্ট ইউসিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায়ের অগ্রগতি ও আশ্রয়ন সমিতি পরিদর্শন অগ্রগতি পর্যালোচনা; | আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায়ের অগ্রগতি এবং আশ্রয়ন সমিতি নিয়ে পরিদর্শন অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আশ্রয়ণ, আশ্রয়ন ফেইজ-২ ও আশ্রয়ন-২ প্রকল্পের ঋণ আদায়ের হার কম হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সভাপতি বলেন যে, এই প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রকল্প হওয়ায় ঋণ আদায়ের কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে। নিয়মিত জেলা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠানের জন্যে আহবান জানান এবং নিয়মিত জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক আশ্রয়ণ প্রকল্প পরিদর্শনের ব্যবস্থা করার উপর গুরুত্বারোপ করেন। সভাপতি আরও বলেন আশ্রয়ন প্রকল্পের ঋণ খেলাপির বিষয়ে উপজেলা ঋণ আদায় কমিটিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন পূর্বক তা অবলোপনের জন্য প্রকল্প দপ্তরে পত্র প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। নিয়মিত আশ্রয়ণ সমিতি পরিদর্শন করতে হবে এবং সাথে সাথে প্রতিবেদন সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ নিশ্চিত করতে হব ।জেলা সমবায় কর্মকর্তা,হবিগঞ্জ সহকারী পরিদর্শক কর্তৃক আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায়ের নিমিত্ত পত্র প্রদান বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ০৯.<br>ক) ঋণ আদায় জোরদার করতে হবে।<br>খ)আশ্রয়ণ প্রকল্পের সমিতিগুলোর সার্বিক কার্যক্রম বিশেষ করে ঋণ আদায় অগ্রগতি নিয়মিত মনিটরিং করতে হবে।<br>গ) নিয়মিত আশ্রয়ণ সমিতি পরিদর্শন করতে হবে এবং সাথে সাথে প্রতিবেদন দাখিল করতে হবে। চিহ্নিত সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>ঘ) নিয়মিত জেলা ও উপজেলা পর্যায়ে (PIC)এর সভা অনুষ্ঠান এর ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>ঙ) আশ্রয়ণ প্রকল্পের সকল বিষয়ে ডাটা সংরক্ষণ করতে হবে।<br>চ)জেলা সমবায় কর্মকর্তা, হবিগঞ্জ সহকারী পরিদর্শক কর্তৃক আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায়ের নিমিত্ত পত্র প্রদান করতে হবে। | ক)সংশ্লিষ্ট ডিসিও এবং ইউসিও<br>খ)সংশ্লিষ্ট ডিসিও এবং ইউসিও<br>গ) সংশ্লিষ্ট ডিসিও এবং ইউসিও<br>ঘ) সংশ্লিষ্ট ডিসিও এবং ইউসিও<br>ঙ) সংশ্লিষ্ট ডিসিও এবং ইউসিও<br>চ) ডিসিও, হবিগঞ্জ |
| ১০. | আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, মৌলভীবাজারের প্রশিক্ষণ অগ্রগতি পর্যালোচনা; | অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট, মৌলভীবাজার জানান বর্ষপুঞ্জির লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কোর্স ১০০ ভাগ সম্পন্ন হচ্ছে। সভাপতি শিক্ষিত ও সুষমভাবে সকল উপজেলা হতে প্রশিক্ষনার্থী প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। ।উপজেলা সমবায় কর্মকর্তাগণকে প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অন্তর্ভূক্তকরণ বিষয়ে বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লায় প্রয়োজনীয় পত্র যোগাযোগ করার জন্য অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট, মৌলভীবাজারকে সভায় অনুরোধ জানানো হয়। | ১০.<br>ক) বর্ষপুঞ্জি মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত থাকবে।<br>খ) সুষমভাবে সকল উপজেলা হতে যথাসময়ে শিক্ষিত পুরুষ ও মহিলা প্রশিক্ষনার্থী প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>গ)উপজেলা সমবায় কর্মকর্তাগণকে প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অন্তর্ভূক্তকরণ বিষয়ে বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লায় প্রয়োজনীয় পত্র যোগাযোগ করতে হবে। | ক) অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট, মৌলভীবাজার<br>খ) ডিসিও এবং ইউসিও(সকল)<br>গ) অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট, মৌলভীবাজার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | নাগরিক সেবায় উদ্ভাবন ২০১৯-২০২০ সমাপ্ত বছরের উদ্ভাবন, পাইলটিং ও রেপ্লিকেটিং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা; | নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। ইনোভেশন তথা নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর Vision 2041এর লক্ষ্য ও স্বপ্ন বাস্তবায়নের জন্যে আমাদের কাজ করে যেতে হবে। সভাপতি সকলকে দেশাত্ববোধ নিয়ে কাজ করার আহবান জানান। | ১১.<br>ক) গতানুগতিক কাজ থেকে বেরিয়ে এসে উদ্ভাবনী কাজের দিকে মনোনিবেশ করতে হবে।<br>খ) কর্মপরিকল্পনা নির্ধারণ ও নাগরিক সেবা সহজীকরণের জন্য নতুন উদ্ভাবনের প্রচেষ্টা গ্রহণ করতে হবে। | ক) ডিসিও এবং ইউসিও(সকল)<br>খ) ডিসিও এবং ইউসিও(সকল) |
| ১২. | ই-নথি কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা; | জেলা ও উপজেলা সমবায় কর্যালয়ে ই-নথি চালু করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সকল জেলা ও উপজেলা কর্যালয়ে আগামী ১(এক) মাসের মধ্যে ই-নথি চালু করার এবং এ বিষয়ে নিয়মিত সভা করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সভায় উপস্থিত সকল জেলা সমবায় কর্মকর্তা ও উপজেলা সমবায় কর্মকর্তাগণের দৃষ্টি আকর্ষণ করে বলেন আগামীতে সকল প্রকার পত্র যোগাযোগ ই-নথির মাধ্যমে সম্পন্ন করা হবে।কোন ক্রমেই ডাকযোগে পত্র গ্রহণ করা হবেনা । সকল জেলা সমবায় কর্মকর্তাগণ জেলা প্রশাসক এবং উপজেলা সমবায় কর্মকর্তাগণ উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে সকল কর্মচারীর ই-নথির আইডি খোলা ও প্রশিক্ষণ প্রদানের জন্য পত্র যোগাযোগ করবেন মর্মে সভাপতি সকলকে অনুরোধ করেন। জেলা সমবায় কর্মকর্তা এবং উপজেলা সমবায় কর্মকর্তাগণকে বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লায় ই-নথির উপর প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নিবন্ধক ও মহাপরিচালক মহোদয় বরাবর পত্র দিয়ে অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লায় অনুলিপি প্রদান করার জন্য অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট, মৌলভীবাজারকে সভাপতি অনুরোধ করেন। | ১২.<br>ক) জেলা ও উপজেলা কর্যালয়ে আগামী ১(এক) মাসের মধ্যে আবশ্যিকভাবে ই-নথি চালু করতে হবে ।<br>খ) জেলা সমবায় কর্মকর্তাগণ জেলা প্রশাসক বরাবরে সকল কর্মচারীর ই-নথির আইডি খোলা ও প্রশিক্ষণ প্রদানের জন্য পত্র যোগাযোগ করতে হবে।<br>গ)উপজেলা সমবায় কর্মকর্তাগণ উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে সকল কর্মচারীর ই-নথির আইডি খোলা ও প্রশিক্ষণ প্রদানের জন্য পত্র যোগাযোগ করতে হবে।<br>ঘ) জেলা সমবায় কর্মকর্তা এবং উপজেলা সমবায় কর্মকর্তাগণকে বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লায় ই-নথির উপর প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নিবন্ধক ও মহাপরিচালক মহোদয় বরাবর পত্র দিয়ে অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লায় অনুলিপি প্রদান করতে হবে। | ক)ডিসিও এবং ইউসিও (সকল)<br>খ)ডিসিও (সকল)<br>গ) ইউসিও (সকল)<br>ঘ) অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট, মৌলভীবাজার। |
| ১৩. | টেকসই উন্নয়ন লক্ষমাত্রা বিষয়ে আলোচনা; | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বিষয়ে সভায় আগামী সমন্বয় সভার আলোচ্য সূচী হতে বাতিল করার জন্য আলোচনা করা হয়। | ১৩.<br>ক) আগামী সমন্বয় সভার আলোচ্য সূচী হতে বাতিল করতে হবে। | ক) সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | জেন্ডার উন্নয়ন প্লান বিষয়ে আলোচনা; | জেন্ডার উন্নয়ন প্লান বিষয়ে সভায় আগামী সমন্বয় সভার আলোচ্য সূচী হতে বাতিল করার জন্য আলোচনা করা হয়। | ১৪.<br>ক) আগামী সমন্বয় সভার আলোচ্য সূচী হতে বাতিল করতে হবে। | ক) সংশ্লিষ্ট সকল। |
| ১৫. | বাংলাদেশ সমবায় ব্যাংক হতে গৃহীত ঋণ আদায় অগ্রগতি পর্যালোচনা; | বাংলাদেশ সমবায় ব্যাংক হতে গৃহীত ঋণ আদায় অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করা হয়।সিলেট বিভাগের যে সকল সমবায় সমিতি ও কর্মচারী বাংলাদেশ সমবায় ব্যাংক হতে ঋণ গ্রহন করেছে তার আদায়ের হার সন্তোষজনক নয়। সভাপতি ঋণ আদায়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। ঋণ গ্রহণকারী সংশ্লিষ্ট সমিতি ও কর্মচারীকে ঋণ পরিশোধের জন্য পত্র প্রেরণ ও ব্যক্তিগতভাবে যোগাযোগ করার জন্য জেলা সমবায় কর্মকর্তা এবং উপজেলা সমবায় কর্মকর্তাগণকে সভায় অনুরোধ করা হয়। | ১৫.<br>ক) ঋণ গ্রহণকারী সংশ্লিষ্ট সমিতি ও কর্মচারীকে ঋণ পরিশোধের জন্য পত্র প্রেরণ ও ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে হবে। | ক)সংশ্লিষ্ট ডিসিও এবং ইউসিও |
| ১৬. | জেলা এবং উপজেলা পর্যায়ের সমিতি পরিদর্শন ও মনিটরিং বিষয়ে আলোচনা; | জেলা এবং উপজেলা পর্যায়ের সমিতি পরিদর্শন ও মনিটরিং বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যথাযথভাবে সমিতি পরিদর্শন ও মনিটরিং করার উপর সভাপতি গুরুত্বারোপ করেন। | ১৬.<br>ক) যথাযথভাবে সমিতি পরিদর্শন ও মনিটরিং করতে হবে এবং প্রতিবেদন দাখিল করতে হবে। | ক)ডিসিও এবং ইউসিও (সকল) |
| ১৭. | জেলা পর্যায়ে প্রশিক্ষণ ও উপজেলা পর্যায়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ বিষয়ে আলোচনা; | জেলা পর্যায়ে প্রশিক্ষণ ও উপজেলা পর্যায়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যথাযথভাবে জেলা পর্যায়ে প্রশিক্ষণ ও উপজেলা পর্যায়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদানের উপর সভাপতি গুরুত্বারোপ করেন। প্রতিটি ভ্রাম্যমান প্রশিক্ষণে বিভাগীয় কার্যালয়ের ১(এক) জন প্রতিনিধির উপস্থিতি ও বঙ্গবন্ধুর সমবায় ভাবনা নিয়ে ক্লাস অন্তর্ভুক্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১৭.<br>ক) ভ্রাম্যমান প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে।<br>খ) সকল প্রকার প্রশিক্ষণের ক্যালেন্ডার তৈরি ও প্রেরণ করতে হবে।<br>গ) প্রতিটি প্রশিক্ষণে বিভাগীয় কার্যালয়ের ১(এক) জন প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>ঘ) প্রতিটি ভ্রাম্যমান প্রশিক্ষণে বঙ্গবন্ধুর সমবায় ভাবনা নিয়ে ক্লাস অন্তর্ভুক্ত করতে হবে। | ক)ডিসিও এবং ইউসিও (সকল)<br>খ)ডিসিও এবং ইউসিও (সকল)<br>গ)ডিসিও এবং ইউসিও (সকল)<br>ঘ)ডিসিও এবং ইউসিও (সকল) |
| ১৮. | জেলা এবং উপজেলা সমবায় অফিস পরিদর্শন বিষয়ে আলোচনা; | জেলা এবং উপজেলা সমবায় অফিস পরিদর্শন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যথাযথভাবে জেলা এবং উপজেলা সমবায় অফিস পরিদর্শন করতে হবে এবং প্রতিবেদন দাখিল করতে হবে। প্রাপ্ত ত্রুটিসমুহ সংশোধন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১৮.<br>ক) যথাযথভাবে জেলা ও উপজেলা সমবায় অফিস পরিদর্শন করতে হবে এবং প্রতিবেদন দাখিল করতে হবে।<br>খ) পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত ত্রুটিসমুহ সংশোধন করার উদ্যোগ নিতে হবে। | ক) উপ- নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও (সকল)<br>খ)ডিসিও এবং ইউসিও (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | মাঠ পর্যায় হতে প্রেরিত বিভাগীয় কার্যালয়ে অনিষ্পন্ন বিষয়দি; | মাঠ পর্যায় হতে প্রেরিত বিভাগীয় কার্যালয়ে অনিষ্পন্ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। কোন বিষয় যেন পেন্ডিং না থাকে সে বিষয়ে সকলকে সতর্ক থাকতে সভাপতি আহবান জানান। | ১৯.<br>ক) সমবায় অধিদপ্তর,জেলা ও উপজেলা হতে প্রাপ্ত পত্রাদি দ্রুত নিস্পত্তি করতে হবে।<br>খ) কোন বিষয় যেন পেন্ডিং না থাকে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। | ক) উপ- নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও (সকল)<br>খ) উপ- নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও (সকল) |
| ২০ | বিবিধ। | সকল প্রকার তথ্য/রির্টানে নির্ভুল ও প্রকৃত তথ্যের সমন্বয়ে প্রেরণের জন্য ডিসিও এবং ইউসিও কে সভাপতি অনুরোধ করেন। বছরের কার্যপরিধি (কর্মপরিকল্পনা) নির্ধারণ এবং সেই মোতাবেক কাজ করার জন্য সকলকে অনুরোধ করেন। সভাপতি অফিসের সার্বিক কার্যক্রম হালনাগাদ রাখার এবং বেনামী অভিযোগ বিষয়ে সতর্ক থাকার জন্য সকলকে অনুরোধ করেন। ৯টা হতে ৫টা পর্যন্ত অফিসে উপস্থিতির আহ্বান জনান। আকস্মিক অফিস ভিজিটের জন্য জেলা সমবায় কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর অকার্যকর সমিতির তালিকা প্রস্তুত করত: নিবন্ধন বাতিলের উদ্যোগ গ্রহণ করতে জেলা সমবায় কর্মকর্তা এবং উপজেলা সমবায় কর্মকর্তাগণকে সভাপতি অনুরোধ করেন ।১৯/১১/২০২০খ্রি: তারিখের মধ্যে সমবায় অধিদপ্তর কর্তৃক চাহিত নির্ধারিত ছকে অকার্যকর,অবসায়ন ও অবসায়নযোগ্য সমবায় সমিতির তথ্য আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে । এ বিষয়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর উপ-পরিচালক এবং আঞ্চলিক পরিচালকের সহিত যোগাযোগ ও পত্র প্রদান করতে হবে।মহামারি কোভিড-১৯ করোনা ভইরাস সম্পর্কে সমবায় অধিদপ্তর তথা সরকারের সর্বশেষ স্বাস্থ্যবিধি পরিপালন ও মাস্ক বাধ্যতামূলক পরিধান সংক্রান্ত পত্রটি সভায় উপস্থিত সকলের অবগতি ও প্রতিপালনের জন্য পাঠ করে শুনানো হয়।No Mask,No Service.Wear Mask, Get Service. সংক্রান্ত বিজ্ঞপ্তি অফিসের প্রবেশমুখে দৃশ্যমান স্থানে লাগানোর ব্যবস্থা করতে হবে। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ যেমন-বাইরের খাবার পরিহার করা, অপ্রয়োজনীয় ভ্রমন না করা,বিয়ে বা অন্যান্য জনসমাগম হয় এমন অনুষ্ঠানে না যাওয়া,সিনেমা হল শপিংমল বা জনবহুল স্থান পরিহার করা, হাতে ঘড়ি না পরা, বাহিরে ব্যবহৃত জুতা ঘরে না নিয়ে পুন: ব্যবহার সংক্রান্ত নির্দেশনা মেনে চলার জন্য উপস্থিত সকলকে অনুরোধ করেন। অফিসে অবস্থানকালীন সকল কর্মচারীসহ আগত দর্শনার্থীরও মাস্ক পরা বাধ্যতামূলক। মাস্ক মুখ থেকে নামিয়ে রাখা যাবে না।স্বাস্থ্যবিধি মেনে সমবায় সমিতির অডিট,বার্ষিক/বিশেষ সাধারণ সভা, নির্বাচন,পরিদর্শনসহ অন্যান্য কার্যাদি সম্পাদনের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।সংযুক্তি বাতিলসহ নবসৃষ্ট উপজেলায় পুরাতন উপজেলার ন্যায় জনবল পদস্থ করন এবং বিভাগীয় কার্যালয়ে অনুমোদিত পদসমূহে পদায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২০.<br>ক) সকল প্রকার তথ্য/রির্টান নির্ভুল ও সুর্নির্দিষ্ট হতে হবে।<br>খ) রিটার্নে প্রদর্শিত তথ্য নির্ভুল ও সঠিক হতে হবে এবং সংরক্ষণ করতে হবে। ভুল তথ্য প্রেরনের জন্য ডিসিও এবং ইউসিওদের ব্যাখ্যা প্রদান করতে হবে।<br>গ)বছরের কার্যপরিধি (কর্মপরিকল্পনা) প্রণয়ন এবং সেই মোতাবেক কাজ করতে হবে।<br>ঘ) আকস্মিক অফিস পরিদর্শন করা হবে।<br>ঙ) অফিসে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>চ) অফিসের সার্বিক কার্যক্রম হালনাগাদ রাখাতে হবে।<br>ছ) বেনামী অভিযোগ বিষয়ে কোন কর্মচারীর সংশ্লিষ্টতা প্রমাণিত হলে বিভাগীয় ব্যবস্থা গ্রহন করা হবে।<br>জ) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর অকার্যকর সমিতির তালিকা প্রস্তুত করত: নিবন্ধন বাতিলের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>ঝ) ১৯/১১/২০২০খ্রি: তারিখের মধ্যে সমবায় অধিদপ্তর কর্তৃক চাহিত নির্ধারিত ছকে অকার্যকর, অবসায়ন ও অবসায়নযোগ্য সমবায় সমিতির তথ্য আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>ঞ) অকার্যকর,অবসায়ন | ক) উপ-নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও(সকল)<br>খ) ডিসিও এবং ইউসিও(সকল)<br>গ) ডিসিও এবং ইউসিও(সকল)<br>ঘ) উপ-নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও(সকল)<br>ঙ) উপ-নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও(সকল)<br>চ)উপ-নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও(সকল)<br>ছ) ডিসিও এবং ইউসিও(সকল)<br>জ) উপ-নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও(সকল)<br>ঝ) ডিসিও এবং ইউসিও(সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ও অবসায়নযোগ্য সমবায় সমিতির তথ্য প্রেরণ বিষয়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর উপ-পরিচালক এবং আঞ্চলিক পরিচালকের সহিত যোগাযোগ ও পত্র প্রদান করতে হবে। | জ) উপ-নিবন্ধক (প্রশাসন), ডিসিও এবং ইউসিও(সকল) |
| | | | ট) No Mask,No Service.Wear Mask, Get Service. সংক্রান্ত বিজ্ঞপ্তি অফিসের প্রবেশমুখে দৃশ্যমান স্থানে লাগানোর ব্যবস্থা করতে হবে। | ট) ডিসিও এবং ইউসিও(সকল) |
| | | | ঠ) স্বাস্থ্যবিধি মেনে সমবায় সমিতির অডিট, বার্ষিক/ বিশেষ সাধারণ সভা, নির্বাচন, পরিদর্শনসহ অন্যান্য কার্যাদি সম্পাদন করতে হবে। | ঠ) ডিসিও এবং ইউসিও(সকল) সংশ্লিষ্ট অডিট অফিসার এবং সমিতি কর্তৃপক্ষ |
| | | | ড) বাইরের খাবার পরিহার, অপ্রয়োজনীয় ভ্রমন না করা, বিয়ে বা অন্যান্য জনসমাগম হয় এমন অনুষ্ঠানে না যাওয়া, সিনেমা হল , শপিংমল বা জনবহুল স্থান পরিহার করতে হবে। | ড) ডিসিও এবং ইউসিও(সকল) |
| | | | ঢ) মহামারি কোভিড-১৯ করোনা ভইরাস অবস্থানকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে সার্বিক কার্যাদি সম্পাদন করতে হবে। | ঢ) ডিসিও এবং ইউসিও(সকল) |
| | | | ণ)জেলা হতে মাসিক রিটার্ণ আবশ্যিকভাবে ২৫তারিখের মধ্যে কোন প্রকার অজুহাত ছাড়াই প্রেরণ নিশ্চিত করতে হবে। | ণ) ডিসিও (সকল) |
| | | | ত)আগামী ৩০/১১/২০২০খ্রিঃ তারিখের মধ্যে জেলা সমবায় কর্মকর্তাগন বিভাগে এবং উপজেলা সমবায় কর্মকর্তাগণ জেলায় বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করবেন। | ত) ডিসিও এবং ইউসিও(সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তগুলোর আলোকে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ করেন। সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০২। কার্যবিবরণীটি উপজেলা সমবায় কর্মকর্তাগণের নিকট প্রেরণ নিশ্চিত করার জন্যে জেলা সমবায় কর্মকর্তাগণকে অনুরোধ করা হল।

মৃনাল কান্তি বিশ্বাস
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (রুটিন দায়িত্ব)

স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.৩০১.০৬.০০৪.১৯.১৬

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৭
২৩ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :
১) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
২) অধ্যক্ষ (উপ-নিবন্ধক), আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট,মৌরভীবাজার।
৩) জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, সুনামগঞ্জ
৪) জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, সিলেট
৫) জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, হবিগঞ্জ
৬) জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় কার্যালয়, মৌলভীবাজার

মৃনাল কান্তি বিশ্বাস
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (রুটিন দায়িত্ব)